

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)  
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)  
সিপিটিইউ ভবন, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

Tel: +88-02-48119400-1, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd



## ই-জিপিতে নিবন্ধিত সংস্থাসমূহের অ্যাডমিনগণ কর্তৃক সৃষ্ট ব্যবহারকারীদের তালিকা হালনাগাদকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

প্রিয় ই-জিপি অ্যাডমিনগণ,

ই-জিপি তথ্য নিরাপত্তা নীতিমালা অনুযায়ী প্রতি ৬ (ছয়) মাস অন্তর ই-জিপিতে বিদ্যমান ব্যবহারকারীদের তালিকা ও কার্যপরিধি হালনাগাদ করার আবশ্যিকতা রয়েছে। এর ধারাবাহিকতায় আপনার বা আপনার পূর্ববর্তী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সৃষ্ট ব্যবহারকারীদের তালিকা ও তাঁদের নাম, পদবি, মোবাইল নম্বর ইত্যাদি হালনাগাদ করে বর্তমানে কর্মরত নেই বা ক্রয় প্রক্রিয়ায় অংশ নিচ্ছেন না এমন ব্যবহারকারীদের আপনার ই-জিপি ড্যাশবোর্ড থেকে **'Deactivate'** করার জন্য অনুরোধ জানানো হল। **৩১শে অক্টোবর ২০২১** এর মধ্যে সকল ই-জিপি অ্যাডমিনকে তালিকাভুক্ত ব্যবহারকারীগণের তথ্য হালনাগাদ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, **৩১শে অক্টোবর ২০২১** এর পর তালিকাভুক্ত ব্যবহারকারীগণের তথ্য অনুমোদিত ও হালনাগাদকৃত বলে বিবেচিত হবে। ব্যবহারকারী তৈরিতে প্রতিষ্ঠানের নিজস্ব ডোমেইন ই-মেইল আইডি ব্যবহার করতে হবে। এতে অ্যাকাউন্ট অপব্যবহারের ঝুঁকি অনেকাংশে কমে যায়। এ সংক্রান্ত যে কোন সহযোগিতার জন্য ১৬৫৭৫ নম্বরে কল করুন।

ই-জিপি অ্যাকাউন্টের নিরাপত্তায় আপনার ইউজার আইডি ও পাসওয়ার্ড কাউকে জানাবেন না।

ই-জিপির সাথে থাকুন, ডিজিটাল বাংলাদেশ গঠনে ভূমিকা রাখুন।

ধন্যবাদান্তে,

৪.১০.২০২১

(মো: শোহেলের রহমান চৌধুরী)  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)